মুজিববর্ষের অঙ্গীকার,
নিরাপদ কর্মপরিবেশ
হোক সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
সাধারণ শাখা

বিষয়: টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ<br>মহাপরিদর্শক( অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৭ শে মে, ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | দুপুর ১২.৩০ মিনিট |
| স্থান | "ভার্চুয়াল সভা" |
| উপস্থিতি | ২৩ জেলা কার্যালয়ের SDG ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। তাই সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য অধিদপ্তরের SDG বাস্তবায়ন ও মনিটরিং কমিটির আহ্বায়ক সহকারী মহাপরিদর্শক (সেইফটি) জনাব শেখ আসাদুজ্জামানকে অনুরোধ জানান।

০২। এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯টি টার্গেট এবং ২৩১টি ইন্ডিকেটর রয়েছে। তিনি জানান, ১৭টি অভীষ্টের মধ্যে ৮ নং অভীষ্ট বাস্তবায়নের দায়িত্ব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের। এসডিজি'র ১৬৯টি টার্গেটের মধ্য থেকে ৩টি টার্গেটের (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। এ ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে।

০৩। ইন্ডিকেটর ৮.৮.১ লিঙ্গ ও অভিবাসনগত অবস্থা ভেদে, পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কিভাবে কমিয়ে আনা যায় সে বিষয়ে ০৭ দিনের মধ্যে সেইফটি শাখা থেকে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতে বলা হয়েছে এবং পরবর্তী সভায় এসডিজি সম্পর্কিত সকল শাখাকে সভায় অংশ গ্রহনের জন্য বলা হয়েছে।

০৪। ইন্ডিকেটর ৩.৯.১ খানা ও চারপাশের বায়ুদূষণে সংঘটিত হার সম্পর্কে এসডিজি আহবায়ক জনাব শেখ আসাদুজ্জামান বলেন, এই ইন্ডিকেটর থেকে অব্যাহতির জন্য "সিনিয়র সচিব" সাধারন অর্থনীতি বিভাগ, পরিকল্পনা শাখায় পত্র প্রেরন হয়েছে কিন্তু অদ্যবধি ইন্ডিকেটর ৩.৯.১ থেকে অব্যহতি পাওয়া যায়নি।

০৫।এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং টীম ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে উদ্বুদ্ধকরন সভা চালু রাখার এবং প্রতিটি জেলা কার্যালয়ের ওয়েবসাইটে SDG কর্নার স্থাপন করার জন্য অনুরোধ করেন এবং এস.ডি.জি বিষয়ক কার্যক্রম ওয়েবসাইটে/ কর্নারে নিয়মিত হালনাগাদ করতে হবে।

০৬। ঢাকা জেলার উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব) বলেন, ''বিভিন্ন কারখানাতে দূর্ঘটনার হার কমিয়ে আনার জন্য উদ্বুদ্ধকরন সভা করা হচ্ছে কিন্তু কোভিডকালীন সময়ে উদ্বুদ্ধকরন সভা কারখানাগুলিতে কম হচ্ছে।''

০৭। চট্টগ্রাম জেলার উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব) বলেন,'' জাহাজ ভাঙ্গা শিল্পে দূর্ঘটনার হার একটু বেশী। প্রধান কার্যালয়ের যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) কে নিয়ে দূর্ঘটনার হার কমিয়ে আনার জন্য শ্রমিক/ মালিকদের সাথে উদ্বুদ্ধকরন সভা

করা হয়েছে।''

০৮। সভাপতি সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়ন বিষয়টি গুরুত্বসহকারে ওয়েবসাইটের এসডিজি কর্নারে এসডিজি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য উপাত্ত সঠিকভাবে আপলোড করায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে। তিনি এসডিজি সংক্রান্ত বাজেট বিষয়ে গুরুত্ব আরোপ করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ইন্ডিকেটর ৩.৯.১ খানা ও চারপাশের বায়ুদূষনে সংঘটিত মৃত্যুর হারের ই-নথিতে পুন: অনুরোধ পত্র প্রেরন করতে হবে। | SDG মনিটরিং টিম,<br>প্রধান কার্যালয়,<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। |
| ২ | পেশাগত দূর্ঘটনার হার কমানোর লক্ষ্যে আগামী ০৭ দিনের মধ্যে সেইফটি শাখা থেকে ফ্যাটাল ও নন ফ্যাটাল এর উপর কর্মপরিকল্পনা তৈরী করে পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য পেশ করতে হবে। | সেইফটি শাখা<br>প্রধান কার্যালয়,<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। |
| ৩ | SDG বাস্তবায়ন ও মনিটরিং টিম ২৩টি জেলা কার্যালয়ে উদ্ধুদ্ধকরন সভা করবে। | SDG মনিটরিং টিম,<br>প্রধান কার্যালয়,<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। |
| ৪ | ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের ওয়েবসাইটের এসডিজি কর্নারে প্রয়োজনীয় তথ্য উপাত্তের মাধ্যমে নিয়মিত হালনাগাদ করতে হবে। | ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয় "উপমহাপরিদর্শকগণ" |
| ৫ | SDG ইন্ডিকেটর ৮.৮.১ বিষয়ক সভা করে ০১মাস অন্তর অন্তর সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রত্যেক মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয় |
| ৬ | কারখানাতে বিধি মোতাবেক সেইফটি কমিটি গঠন করবে। | ১।২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়<br>ও<br>২।সেইফটি শাখা<br>প্রধান কার্যালয়,<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। |
| ৭ | দুইমাস অন্তর অন্তর কমিটির সভা অনুষ্ঠিত হবে। | এস.ডি.জি মনিটরিংও বাস্তবায়ন কমিটি |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক( অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.৮৩৭

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮
০১ জুন ২০২১

বিতরণঃ জ্ঞাতার্থে/ কাযার্থেঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) যুগ্ম মহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৪) উপমহাপরিদর্শক (২৩টি কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৫) সহকারী মহাপরিদর্শক (সেফটি) (রুটিন দায়িত্ব), সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৬) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৭) সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৮) সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অতিরিক্ত মহাপরির্দশকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০) অফিস কপি।

মনোয়ার হোসেন
পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা